


পশ্চিমবঙ্গ সরকারের পথশ্রী–রাস্তাশ্রী প্রকল্প বাংলার ইতিহাসে বৃহত্তম সড়ক সংযোগ কর্মসূচি। এই প্রকল্পে সম্পূর্ণভাবে রাজ্য সরকারের অর্থ বরাদ্দের মাধ্যমে ২০২০ সাল থেকে মোট চার পর্যায়ে ৫৯,৫০০ কিলোমিটারেরও বেশি রাস্তা নির্মাণ, পুনর্নির্মাণ ও রক্ষণাবেক্ষণের কাজ গ্রহণ করা হয়েছে। এই প্রকল্পের মূল উদ্দেশ্য পশ্চিমবঙ্গের প্রতিটি গ্রাম ও শহরের মাঝে সড়ক সংযোগ স্থাপন।

## : পথশ্রী রাস্তাশ্রী ৪ প্রকল্পের রূপরেখা :

- পথশ্রী–রাস্তাশ্রী প্রকল্পের চতুর্থ পর্যায়ে এবার রাজ্যের গ্রামীণ এলাকায় ও শহরাঞ্চলে মোট ২০,০৩০ কিলোমিটার নতুন রাস্তার নির্মাণ ও পুরনো রাস্তার সংস্কার করা হচ্ছে।
- চতুর্থ পর্যায়ে প্রকল্পের মোট ব্যয় ৮৪৮৭.৮৩ কোটি টাকা। প্রকল্পের জন্য প্রয়োজনীয় অর্থ সম্পূর্ণভাবে রাজ্য সরকারি তহবিল থেকে বরাদ্দ করা হবে।
- এই প্রকল্পে বিটুমিনাস,সিমেন্ট কংক্রিট, পেভার ব্লকের রাস্তা ছাড়াও এবারই প্রথম বিভিন্ন নতুন প্রযুক্তি ব্যবহার করে রাস্তা নির্মাণ করা হবে, যার মধ্যে অন্যতম হল ফেলে দেওয়া প্লাস্টিককে পুনর্ব্যবহার করে নতুন রাস্তা নির্মাণ।
- পথশ্রী–রাস্তাশ্রী–৪ প্রকল্পে রাজ্য জুড়ে প্রায় ৩৫,০০০ এরও বেশি গ্রামের ও ১২৮টি পৌর এলাকার সকল মানুষ উপকৃত হবেন।
- সাধারণ মানুষ, কৃষক, ব্যবসায়ী, শিক্ষার্থী, স্বনির্ভর দলের সদস্য, রোগী, প্রসূতি মা – সবাই এর সুফল পাবেন।
- এছাড়াও কাজগুলির মাধ্যমে জব–কার্ড ধারকদের জন্য মোট ১৫ কোটিরও বেশি শ্রমদিবস সৃষ্টি করা হবে।
- নির্দিষ্ট সময়ের মধ্যে সব কাজ শেষ করবার জন্য সর্বাঙ্গীণ উদ্যোগ নেওয়া হয়েছে।

### আমাদের পাড়া আমাদের সমাধান

স্থানীয় স্তরে জনসাধারণের সরাসরি সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে রাজ্যের গ্রামীণ ও শহরাঞ্চলে পরিকাঠামোগত সমস্যা সমাধানের লক্ষ্যে পশ্চিমবঙ্গ সরকারের আরও একটি অনন্য প্রয়াস। প্রতি বুথের জন্য ১০ লক্ষ টাকা হিসাবে এজন্য রাজ্য সরকারি তহবিল থেকে মোট বরাদ্দ হয়েছে ৮,০০০ কোটি টাকা। এই উদ্যোগের মাধ্যমে রাজ্যের বিভিন্ন এলাকায় প্রায় ৬ লক্ষ প্রকল্প চিহ্নিত করা হয়েছে এবং এই প্রকল্পগুলি রূপায়ণের কাজ দ্রুতগতিতে এগিয়ে চলেছে।

### বাংলার বাড়ি (গ্রামীণ)

সম্পূর্ণভাবে রাজ্য সরকারি তহবিলের মাধ্যমে গ্রামীণ বাংলার প্রত্যেক গৃহহীন ও জীর্ণ কাঁচা বাড়িতে বসবাসকারী মানুষের পাকা বাড়ির ব্যবস্থা করার লক্ষ্যে এই প্রকল্প।

প্রকল্পের প্রথম পর্যায়ে উপকৃত হয়েছেন ১২ লক্ষ পরিবার, ব্যয় হয়েছে ১৪,৪০০ কোটি টাকা।

শীঘ্রই প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে উপকৃত হবেন ১৬.৩৬ লক্ষ পরিবার। এই পর্যায়ে ব্যয় হবে ১৯,৬৩৮ কোটি টাকা।

পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্নের পথশ্রী–রাস্তাশ্রী প্রকল্প রূপায়ণের মাধ্যমে সার্বিক উন্নয়নের পথে পশ্চিমবঙ্গ সরকার
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর এবং নগরোন্নয়ন ও পৌর বিষয়ক দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক জনস্বার্থে প্রচারিত